

তথ্য কমিশনে আজকের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ০৯টি অভিযোগের শুনানীশেষে ০৪টি অভিযোগের নিষ্পত্তি করা হয়, ০৪টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয় এবং ০১টি অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

শুনানীতে অংশ নেন মাননীয় প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদ এবং তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে বাংলাদেশ পুলিশের এআইজি (মিডিয়া এন্ড পিআর), বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষের সচিব, সড়ক ও জনপথ অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী এবং নৌপরিবহন অধিদপ্তরের পরিচালকের বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়। এছাড়া সিরাজগঞ্জ জেলা প্রশাসক কার্যালয়ের সহকারি কমিশনার, সিরাজগঞ্জ সদর উপজেলা শিক্ষা অফিসার ও সিরাজগঞ্জ জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের বিরুদ্ধে আনিত অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

অন্যদিকে তথ্য কমিশনের সহকারি পরিচালক (প্রশিক্ষণ), জনতা ব্যাংক লিমিটেড মতিঝিল কর্পোরেট শাখার মহাব্যবস্থাপক, রেলপথ মন্ত্রণালয়ের উপ-সচিব ও বাংলাদেশ রেলওয়ের সিনিয়র প্ল্যানিং অফিসার-

৪ এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের উপ-সচিবের বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়।

স্বাক্ষরিত:-

০৮-০২-২০১৮

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd